**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিজেপি'র সর্বভারতীয় সভাপতি তথা কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, ত্রিপুরার নবজাতক শিশু কন্যা ও ছাত্রীদের জন্য আজ দুটি নতুন প্রকল্পের ঘোষণা করেছেন ।**

**(২) বর্তমানে রাজ্য উগ্রপন্থী মুক্ত বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।**

**(৩) সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল থেকে শুরু হচ্ছে।**

**(৪) শুখা মরশুমে ঊনকোটি জেলায় জলের উৎস ও প্রকল্পগুলি সচল এবং স্বাভাবিক রাখার উদ্যোগ নেওয়া হয়েছে।**

*******************************************

**BJP J P Nadda CM :**

বিজেপি'র সর্বভারতীয় সভাপতি তথা কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, ত্রিপুরার নবজাতক শিশু কন্যা ও ছাত্রীদের জন্য আজ দুটি নতুন প্রকল্পের ঘোষণা করেছেন। রাজ্যের বর্তমান জোট সরকারের দ্বিতীয় বর্ষ পূর্তি উপলক্ষে আজ আগরতলার বিবেকানন্দ ময়দানে আয়োজিত এক জনসভায় তিনি এই ঘোষণা করেন। প্রকল্পগুলি হল, মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা, যেখানে বিপিএল পরিবারে কোনও কন্যা সন্তানের জন্ম হলে ত্রিপুরা সরকার সেই নবজাতক কন্যা সন্তানের নামে ৫০ হাজার টাকার বন্ড রাখবে। ১৮ বছর বয়স হলে, সেই কন্যা সন্তান ১০ লক্ষ টাকা পাবেন। অন্য প্রকল্পটি হল, মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনা, যার আওতায় ত্রিপুরা বোর্ড, সিবিএসই এবং আই. সি. এস. ই থেকে পরীক্ষা দেওয়া ১৪০ জন মেধাবী

ছাত্রীকে স্কুটি দেয়া হবে। এই দুটি প্রকল্পের পরিকল্পনা করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলে শ্রী নাড্ডা জানান। তিনি বলেন, মানুষের সেবা করাই দলের মূল লক্ষ্য। এইজন্য মানুষ বার বার বিজেপিকে আশির্বাদ করছে। রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজকর্ম সম্পর্কে বলতে গিয়ে শ্রী নাড্ডা জানান, সরকারী অফিসগুলিকে ডিজিটাইজেসনের মাধ্যমে আধুনিক এবং উন্নত করা হয়েছে। বিধানসভার সব কাজকর্ম এখন ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন হচ্ছে।

#####Byte-J P Nadda######

সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, বিজেপি সরকারের হাত ধরে ত্রিপুরা এখন ভারতে অন্যতম পরিচিত রাজ্য হিসেবে উঠে এসেছে। মানুষের জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প থেকে শুরু করে চাকরি প্রদান সবকিছুতেই স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানান। মুখ্যমন্ত্রী বলেন, মহিলাদের সুরক্ষা ক্ষমতায়ন ও অগ্রাধিকারের লক্ষ্যে কাজ করে চলেছে সরকার।

মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণ, সরকারি স্টল বন্টনের ক্ষেত্রে ৫০ শতাংশ মহিলাদের জন্য সংরক্ষণ, জমি কেনার ক্ষেত্রে মহিলাদের রেজিস্ট্রেশন ফি কমানো, সেই সাথে যেসব মহিলা সরকারি ডিগ্রী কলেজে পড়াশোনা করছে তাদের সমস্ত রকমের ফি মুকুব করেছে বর্তমান রাজ্য সরকার।

#####Byte-CM-1######

মুখ্যমন্ত্রী বামদল ও কংগ্রেসের সমালোচনা করে বলেন, তাদের শাসনকালে শুধু বঞ্চনার অভিযোগ করে গেছে। বর্তমানে রাজ্য উগ্রপন্থী মুক্ত বলে তিনি দাবি করেন।

#####Byte-CM-2######

*****************************

**J P Nadda-Meeting :**

বিজেপির জাতীয় সভাপতি তথা কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডার পৌরহিত্যে আজ সোনারতরী অতিথিশালায় রাজ্য বিজেপির কার্যকর্তাদের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সাংগঠনিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, বিজেপির রাজ্য সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য, রাজ্য মন্ত্রীসভার সদস্য সহ রাজ্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

*************************

**J P Nadda-Matabari :**

বিজেপি'র সর্বভারতীয় সভাপতি তথা কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জেপি নাড্ডা সস্ত্রীক আজ বিকেলে উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে পূজা দেন সঙ্গে ছিলেন সস্ত্রীক মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য প্রমুখ। তিনি মাতাবাড়িতে শিব বাড়ি মন্দির, কল্যাণ দিঘি এবং কেন্দ্রীয় প্রসাদ প্রকল্পে নির্মীয়মান কাজ ঘুরে দেখেন।

**************************

**Mission Vatsalya :**

ভারত সরকারের "মিশন বাৎসল্য" যোজনায় ঊনকোটি জেলার ৯৪ জন অপ্রাপ্তবয়স্ক মাসে চার হাজার করে স্পনসরশিপ পাচ্ছে। সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা জানান, পিতৃ-মাতৃহীন অনাথ শিশুরা ১৮ বছর বয়স পর্যন্ত পড়াশোনার জন্য এই অর্থরাশি পাবে। তিনি জানান, প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনায় চলতি অর্থবছরে ঊনকোটি জেলার ১০২৭ মহিলা উপকৃত হয়েছেন। তাছাড়া জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্পে ঊনকোটি জেলাতে ৫৪টি পরিবার কুড়ি হাজার টাকা করে এককালীন অর্থ সাহায্য পেয়েছেন। পরিবারের প্রধান উপার্জনকারীর আকস্মিক মৃত্যুর কারণে এই অর্থ সহায়তা দেওয়া হয়ে থাকে।

****************************

**Justice Deepak Gupta :**

সুপ্রিমকোর্টের প্রাক্তন বিচারপতি দীপক গুপ্তা বলেছেন, আইনের শাসন প্রতিষ্ঠা করতে সাহসী ও স্বাধীন বিচারব্যবস্থা জরুরী। আজ ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে অপাংশু মোহন লোধের স্মরণে আইনের শাসন ও হাইকোর্টের ভূমিকা বিষয়ে প্রধান বক্তার ভাষণে তিনি একথা বলেন। জাতীয় আইন বিশ্ববিদ্যালয় আয়োজিত এই অনুষ্ঠানে প্রাক্তন বিচারপতি দীপক গুপ্ত বলেন, দেশের প্রত্যেক নাগরিক আইনের সামনে সমান। গণতান্ত্রিক দেশ প্রতিষ্ঠার জন্য আইনের শাসন প্রধান শর্ত। তিনি বলেন, একজন বিচারক শপথ নেওয়ার পর কোন ধরনের রাজনৈতিক ও ধর্মীয়ভাবে প্রভাবিত থাকতে পারেন না। তিনি বলেন, বিচার ব্যবস্থা ব্যর্থ হলে দেশের গণতন্ত্র ব্যর্থ হবে। ত্রিপুরা হাইকোর্টের প্রথম প্রধান বিচারপতির অভিজ্ঞতা সম্পর্কে তিনি বলেন, এ রাজ্যে সাক্ষরতার হার অনেক বেশি হলেও সাধারণ নাগরিকদের আইনের জ্ঞান ততটা নয়। তবে রাজ্যে দুর্নীতি দেশের অন্যান্য রাজ্যের থেকে অনেক কম বলে তিনি মন্তব্য করেন। অনুষ্ঠানে আলোচনা করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য অধ্যাপক ডক্টর যোগেশ প্রতাপ সিং।

*****************************

**Cooperative Minister :**

নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ জোলাইবাড়ি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রতিষ্ঠার ৭৫তম বর্ষপূর্তি উদযাপন করা হয়। বিদ্যালয় মাঠে পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের সূচনা করেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। উদ্বোধকের ভাষণে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, রাজ্য সরকার শিক্ষার উন্নয়নে নানা কর্মসূচি বাস্তবায়ন করছে। তিনি বলেন, পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণি বিদ্যালয় এবং চড়কবাই দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের পাকাবাড়ি নির্মাণের জন্য সাড়ে ৮ কোটি টাকা করে বরাদ্দ করা হয়েছে। সমবায়মন্ত্রী ছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি

শর্মা, দক্ষিণ জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার প্রমুখ। এরপর ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Parliament Budget :**

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল থেকে শুরু হচ্ছে। এই অধিবেশন আগামী চৌঠা এপ্রিল পর্যন্ত চলবে। অধিবেশন চলাকালীন, ২০২৫-২৬ অর্থবর্ষের জন্য অনুদানের দাবি এবং সংশ্লিষ্ট বরাদ্দ বিলের উপর আলোচনা অনুষ্ঠিত হবে। এছাড়াও, ব্যাংকিং আইন (সংশোধন) বিল, উপকূলীয় জাহাজ চলাচল বিল, ২০২৪ অভিবাসন ও বিদেশী বিল, ২০২৫ এবং রেলওয়ে (সংশোধন) বিল সহ বেশ কয়েকটি বিল আলোচনার জন্য উত্থাপিত হবে। উল্লেখ্য, সংসদের বাজেট অধিবেশনের প্রথম পর্ব গত ৩১শে জানুয়ারী থেকে ১৩ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল।

**************************

**Drinking water :**

শুখা মরশুমে ঊনকোটি জেলার কোথাও যাতে পাণীয় জলের অভাব না ঘটে এজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তর। দপ্তরের তত্বাবধায়ক বাস্তকার সঞ্জয় পাল জানান, জলের উৎস ও প্রকল্পগুলো যাতে সচল ও স্বাভাবিক থাকে এজন্য উদ্যোগ নেওয়া হয়েছে। যে'সব পানীয় জলের স্থায়ী উৎস নেই সেখানে ট্যাঙ্কারের মাধ্যমে পানীয় জল পৌঁছে দেওয়া হচ্ছে। বর্তমানে জেলায় 16টি ট্যাঙ্কারে করে জল সরবরাহ করা হচ্ছে বলে তিনি জানান।

*******************************

**Vice President :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লি'র এইমস পরিদর্শন করে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর-এর স্বাস্থ্যের খোঁজখবর নিয়েছেন। প্রধানমন্ত্রী শ্রী মোদী উপরাষ্ট্রপতির সুস্বাস্থ্য ও দ্রুত আরোগ্য কামনা করেছেন। শারীরিক অস্বস্তির কারণে গত রাতে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখরকে এইমসে ভর্তি করা হয়। বর্তমানে উপরাষ্ট্রপতি শারীরিকভাবে স্থিতিশীল অবস্থায় রয়েছেন বলে জানা গেছে।

***************************

**Anupriya Patel :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেছেন, ভারত জনস্বাস্থ্যের ক্ষেত্রে নতুন যুগে প্রবেশ করেছে এবং সরকার সর্বজনীনভাবে স্বাস্থ্যের আওতাধীন ক্ষেত্র বাড়ানোর দিকে মনোনিবেশ করছে। আজ নতুন দিল্লিতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারের ৪৮তম বার্ষিক দিবস উদযাপনে ভাষণে তিনি বলেন, সরকার স্বাস্থ্যসেবাকে জনগণের কাছে সহজলভ্য এবং সাশ্রয়ী করে তুলছে। তিনি বলেন, দেশে মেডিকেল কলেজের সংখ্যা ২০১৪ সালের ৩৮০ থেকে বেড়ে ২০২৪ সালে ৭৮৭টি হয়েছে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস।

***************************

**Under-23 Cricket :**

মেয়েদের জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটে ত্রিপুরা গ্রুপের তৃতীয় ম্যাচে পরাজিত হয়েছে। নাগপুরে অনুষ্ঠিত খেলায় আজ রাজস্থান ১০ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

***************************